

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৮২ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪৭]

8. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ অযু সহকারে রাত্রি যাপন করার ফজীলত

# باب فَضلْ مَنْ بَاتَ عَلَى الْوُضُوءِ

### আরবী

الله عن الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ: قَالَ النَّبِيُّ إِذَا أَتَيْتَ مَضْجَعَكَ فَتَوَضَّا فُضُوءَكَ لِلصَّلاةِ، ثُمَّ اصْطَجِعْ عَلَى شِقِّكَ الأَيْمَنِ، ثُمَّ قُلِ: اللَّهُمَّ أَسْلَمْتُ وَجْهِي إِلَيْكَ، وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ، وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ، وَأَلْجَأْتُ ظَهْرِي إِلَيْكَ، رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ لا مَلْجَأً وَلا مَنْجَا مِنْكَ إِلا إِلَيْكَ، اللَّهُمَّ آمَنْتُ وَأَلْجَأْتُ ظَهْرِي إِلَيْكَ، وَبْبَيِّكَ الَّذِي أَرْسَلْتَ، فَإِنْ مُتَّ مِنْ لَيْلَتِكَ فَأَنْتَ عَلَى الْفِطْرَةِ، بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ، وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ، فَإِنْ مُتَّ مِنْ لَيْلَتِكَ فَأَنْتَ عَلَى الْفِطْرَةِ، وَاجْعَلْهُنَّ آخِرَ مَا تَتَكَلَّمُ بِهِ، قَالَ: فَرَدَّدُتُهَا عَلَى النَّبِيِّ فَلَمَّا بَلَغْتُ: اللَّهُمَّ آمَنْتُ بِكِتَابِكَ وَالْذِي أَنْزَلْتَ، قُلْتُ: وَرَسُولِكَ، قَالَ لا، وَنَبِيكَ الَّذِي أَرْسَلْتَ. (بخارى: اللَّهُمَّ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ، قُلْتُ: وَرَسُولِكَ، قَالَ لا، وَنَبِيّكَ الَّذِي أَرْسَلْتَ. (بخارى: اللَّهُمَّ آمَنْتُ بِكِتَابِكَ

#### বাংলা

১৮২) বারা' বিন আযিব (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ যখন তুমি শয়ন করার জন্য বিছানায় আসবে, তার পূর্বে নামাযের অযুর ন্যায় অযু করবে। তারপর ডান কাত হয়ে শুয়ে পড়বে। অতঃপর বলবেঃ

اللَّهُمَّ أَسْلَمْتُ وَجْهِي إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ وَأَلْجَأْتُ ظَهْرِي إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ لَا مَلْجَأً وَلَا مَنْكَ إِلَّا إِلَا اللَّهُمَّ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ فَإِنْ مُتَّ مِنْ لَيْلَتِكَ فَأَنْتَ عَلَى الْفِطْرَةِ وَاجْعَلْهُنَّ آخِرَ إِلَيْكَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا بَلَغْتُ اللَّهُمَّ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ قُلْتُ وَرَسُولِكَ قَالَ لَا وَنَبِيِّكَ الَّذِي أَنْزَلْتَ قُلْتُ وَرَسُولِكَ قَالَ لَا وَنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ وَرَسُولِكَ قَالَ لَا وَنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ

"হে আল্লাহ! আমি তোমার নিকট আত্মসমর্পন করলাম। আমার সকল বিষয় তোমার নিকট সোপর্দ করে দিলাম। তোমার রহমতের আশায় এবং তোমার আযাবের ভয়ে আমার পিঠ তোমার হাতে সোপর্দ করলাম। তুমি ব্যতীত আমার কোন আশ্রয়স্থল ও পরিত্রাণস্থল নেই। হে আল্লাহ! আমি তোমার নাযিলকৃত কিতাবের প্রতি ঈমান আনয়ন করলাম এবং তোমার প্রেরিত নবীর প্রতি বিশ্বাস স্থাপন করলাম।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ এ দু'আটি পাঠ করার পর যদি তুমি এ রাত্রেই মৃত্যু বরণ কর



তাহলে তুমি ফিতরাতের উপর তথা দ্বীনের উপর মৃত্যু বরণ করবে। দু'আটি তোমার কথা-বার্তা শেষে পাঠ করবে। বারা' বিন আযিব বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট আমি দু'আটি পাঠ করলাম। তবে আমি (وَرَسُولِك) পাঠ করলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার প্রতিবাদ করে বললেনঃ বরং তুমি বল وَنَبِيّكَ الَّذِي أَرْسَلْتَ আপনি যে নবী প্রেরণ করেছেন আমি তাঁর প্রতি ঈমান আনয়ন করলাম।

## **English**

The superiority of a person who sleeps with ablution.

#### Narrated Al-Bara 'bin `Azib:

The Prophet (ﷺ) said to me, "Whenever you go to bed perform ablution like that for the prayer, lie or your right side and say, "Allahumma aslamtu wajhi ilaika, wa fauwadtu `Amri ilaika, wa alja'tu Zahri ilaika raghbatan wa rahbatan ilaika. La Malja'a wa la manja minka illa ilaika. Allahumma amantu bikitabika-I-ladhi anzalta wa bina-biyika-I ladhi arsalta" (O Allah! I surrender to You and entrust all my affairs to You and depend upon You for Your Blessings both with hope and fear of You. There is no fleeing from You, and there is no place of protection and safety except with You O Allah! I believe in Your Book (the Qur'an) which You have revealed and in Your Prophet (Muhammad) whom You have sent). Then if you die on that very night, you will die with faith (i.e. or the religion of Islam). Let the aforesaid words be your last utterance (before sleep)." I repeated it before the Prophet (ﷺ) and when I reached "Allahumma amantu bikitabika-l-ladhi anzalta (O Allah I believe in Your Book which You have revealed)." I said, "Wa-rasulika (and your Apostle)." The Prophet (ﷺ) said, "No, (but say): 'Wanabiyika-l-ladhi arsalta (Your Prophet whom You have sent), instead."

## ফুটনোট

টিকাঃ দুআ ও যিকিরের ক্ষেত্রে একটি শব্দ পর্যন্ত পরিবর্তন করা অনুমোদিত হলনা। অথচ রাসূল শব্দটি নবী শব্দ অপেক্ষা অধিক ব্যাপক। তাহলে পূর্ণ দুআ ও যিকির কিংবা আংশিক পরিবর্তন কিভাবে গৃহীত হতে পারে!! সুতরাং মুসলিমগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর দুআর আগাগোড়া ও পদ্ধতিসহ পাল্টিয়ে দিয়ে কিভাবে আল্লাহর সম্ভুষ্টির আশা করতে পারেন? সত্যিই চিন্তার বিষয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=89074}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন